

শিক্ষায় আগ্রহ বাড়াতে বৃত্তির ভূমিকা গুরুত্বপূর্ণ : প্রতিমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

১৬ এপ্রিল ২০২৬, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়

দীর্ঘ বিরতির পর প্রাথমিক বৃত্তি পরীক্ষা পুনরায় চালু হওয়ায় শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে আনন্দের আবহ তৈরি হয়েছে বলে মন্তব্য করেছেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বিবি হাজ্জাজ। তিনি বলেছেন, শিক্ষার্থীদের স্কুলমুখী করা এবং শিক্ষার প্রতি আগ্রহ বাড়াতে বৃত্তি কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে, যা ভবিষ্যতে আরও বিস্তৃত পরিসরে পরিচালনার পরিকল্পনা রয়েছে সরকারের। গতকাল বুধবার সকালে রাজধানীর মতিঝিল সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ একাধিক পরীক্ষা কেন্দ্র পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে শিক্ষা প্রতিমন্ত্রী এসব কথা বলেন। তিনি আরও বলেন, আমরা দেখেছি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানগুলো শিক্ষার্থীদের জন্য প্রয়োজনীয় সব ধরনের ব্যবস্থা গ্রহণ করেছে। নিজে দুটি কেন্দ্র ঘুরে দেখেছি।